

তারিখ : ১২/০৫/২০২৬ইং

বরাবর,

উপ- পরিচালক,

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি,

গাংনী,মেহেরপুর।

বিষয়ঃ ফিল্ড ম্যানেজার মোছাঃঝরনা খাতুন এর শাখায় স্বেচ্ছাচারী আচরণ প্রসঙ্গে।

জনাব,

যথা বিহীন সন্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে আমার হোসেনাবাদ শাখার ফিল্ড ম্যানেজার মোছাঃঝরনা খাতুন (১২০৮) গত কিছুদিন যাবৎ সংস্থা ও শাখার নিয়মকানুন মানছে না সে তার নিজের ইচ্ছা মত চলাফেরা করছে,নিম্নে তার কার্যকলাপ সম্পর্কে আলোচনা করা হল।

১. এপ্রিল/২৬ মাস ক্রোজে আমার অফিসে সকল স্টাফ অফিস করলেও সে ০১-০২/০৫/২০২৬ইং তারিখে অফিস করেনি,এই বিষয়ে আমি তাকে বলতে গেলে সে বলে আমি অফিস করতে পারব না এতে আমার যা হয় হবে।

২. গত ০৩/০৫/২০২৬ ইং তারিখে আঞ্চলিক ব্যবস্থাপক স্যার তাকে বোঝানোর পরও সে স্যারের কথা অমান্য করে বিনা ছুটিতে অদ্য মাসের ৪/৫/২৬ ইং তারিখ হতে ৬/৫/২৬ প্রযুক্ত অফিসে অনুপস্থিত থাকে পরবর্তীতে ৭ তারিখে অফিসে উপস্থিত হয়ে নিজের ইচ্ছা মত অফিস করে।

৩. ১০/০৫/২০২৬ ইং তারিখে সে সকালে উপস্থিত হয়ে ফিল্ডে যেতে চাইলে আমি তাকে প্রধান কার্যালয়ে চলে যাওয়ার পরামর্শ দিলে সে আমাকে বলে কাগজ দেন আমাকে এবং উচ্চস্বরে চিল্লাচিল্লি করে।

৪. আমি সমিতি পরিদর্শনে যাওয়ার পর কোন সদস্য কৌশলে বাতিল করার পরামর্শ দিলে সে উক্ত সদস্য কে বলে আপনার ঋণ ম্যানেজার দেবে না এই বলে সদস্য কে অফিসে পাঠিয়ে দেয় এবং এইভাবে অফিসে বিশৃঙ্খলা সৃষ্টি করে।

৫. আমার অফিসের কর্ম এলাকায় এবং সমিতি পর্যায়ে আদায় করতে গিয়ে সার্বক্ষনিক মোবাইল ফোনে কথা বলে রেডাই।

৬. কিছু দিন পূর্বে তার পূর্বের স্বামীকে তালাক দিয়ে এক সৌদি প্রবাসীর সাথে বিবাহ করে ও অদ্য মাসের বেতন বোনাস নিয়ে চাকরি করবে না বলে প্রচার করে এবং স্বেচ্ছাচারি ভাবে চলাফেরা করছে তার এই স্বেচ্ছাচারি চলাফেরার কারনে গত মাসে উক্ত ব্লকে প্রত্যেকটা সূচক নিম্নগামী হয়েছে যেমন,সঞ্চয় হ্রাস পেয়েছে ৭৩,৩৪২ টাকা,ঋণস্থিতি হ্রাস পেয়েছে ২,৭১,২৪৭ টাকা,সদস্য হ্রাস পেয়েছে ৩ টি,ঋণী সদস্য ৩ টি হ্রাস পেয়েছে,ওটিআর হ্রাস পেয়েছে ১.১৩% পার বেড়েছে ২.৬৭% এবং বকেয়া বৃদ্ধি পেয়েছে ৩২,৫৮১ টাকা।

অতএব,জনাবের নিকট আকুল আবেদন এই যে,উপরোক্ত বিষয় বিবেচনায় করে প্রয়জনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সবিনয় অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত,

মোঃআজমল হুসাইন

শাখা ব্যবস্থাপক

হোসেনাবাদ শাখা

উপ-পরিচালক মোঃ আজমল হুসাইন
পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি
গাংনী, মেহেরপুর।

১২/০৫/২৬ ইং
মোঃ আজমল হুসাইন
উপ-পরিচালক
পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি
গাংনী, মেহেরপুর।